অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2021 **গভর্নর ক্যাথি হোকল**

অত্যাধুনিক রনকোনকোমা হাব উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের এই 55 মিলিয়ন ডলারের বিনিয়োগ নতুন পার্কিং ফ্যাসিলিটি তৈরি, পয়ঃনিষ্কাশনের জন্য অপরিহার্য আপগ্রেড, ও মিশ্র ব্যবহারের জায়গা তৈরি করতে সহায়তা করছে

এই দ্বিতীয় পর্যায়ে 388টি আবাসিক বাড়ি, 88,500 বর্গফুট বাণিজ্যিক ও অফিসের জায়গা, এবং 1,200 এরও বেশি পার্কিংয়ের জায়গা তৈরি করা হবে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ সাফোক কাউন্টির ব্রুকহ্যাভেন টাউনে রনকোনকোমা হাব নামক 700 মিলিয়ন ডলারের একটি অত্যাধুনিক বৃহৎ মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ শুরু হয়েছে বলে ঘোষণা করেছেন। 256 মিলিয়ন ডলারের এই দ্বিতীয় পর্যায়ে 388টি হাউজিং ইউনিট, 73,000 বর্গফুট বাণিজ্যিক জায়গা, 15,500 বর্গফুট অফিসের জায়গা, এবং 1,200 এরও বেশি পার্কিংয়ের জায়গা তৈরি করা হবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) নিউ ইয়র্ক স্টেটের 2017 সালের বাজেটে রূপান্তরমূলক বিনিয়োগ কর্মসূচি (Transformative Investment Program) তহবিলের অংশ হিসেবে লং আইল্যান্ডকে বরাদ্দ করা 50 মিলিয়ন ডলারের অনুদানের মাধ্যমে এই প্রকল্পে সহায়তা করছে। ESD ইতোপূর্বে লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Long Island Regional Economic Development Council) সুপারিশক্রমে একটি নতুন সিউয়েজ পরিশোধন প্ল্যান্ট ও সিউয়ার অবকাঠামোর উন্নয়নে সহায়তা করতে 5 মিলিয়ন ডলার প্রদান করেছে।

"রনকোনকোমা হাব নিউ ইয়র্কের অর্থনীতিকে গড়ে তোলা এবং লং আইল্যান্ডের ভবিষ্যত পুনর্নির্মাণের পথে এগিয়ে যাওয়ার একটি বৃহৎ পদক্ষেপ হবে," **বলেছেন গভর্নর হোকল।** "রনকোনকোমা হাবের এই পরবর্তী পর্যায় লং আইল্যান্ডে আবাসিক ও বাণিজ্যিক জায়গা তৈরি করার জন্য রূপান্তরমূলক উন্নয়নে বিনিয়োগ করার জন্য আমাদের অঙ্গীকারকে আরো সামনে এগিয়ে নিচ্ছে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে পুনঃউন্নয়ন ও পুনরুজ্জীবীতকরণ প্রচেষ্টাগুলোতে সহায়তা করতে সাহসী, কৌশলগত বিনিয়োগ করা অব্যাহত রাখবে।"

ট্রাইটেক রিয়েল এস্টেট, ইনক. (TRITEC Real Estate, Inc.) কর্তৃক উন্নয়নকৃত রনকোনকোমা হাব প্রকল্পটি লং আইল্যান্ড রেলপথ স্টেশন থেকে স্বল্প দূরত্বে এবং লং আইল্যান্ডের একমাত্র বৃহৎ বাণিজ্যিক বিমান বন্দর, ম্যাকআর্থার বিমান বন্দর থেকে কয়েক মিনিটের দূরত্বে অবস্থিত, এক সময়ের ধ্বংসাবশেষে পরিণত হতে থাকা এলাকাটিকে নতুন বসবাস-কর্মসংস্থান-বিনোদনের গন্তব্যস্থলে পরিণত করেছে। এই প্রকল্পের প্রথম পর্যায় আনুমানিক 500 ইউনিটের অ্যাপার্টমেন্ট কমিউনিটি, অ্যালস্টোন স্কয়ার (Alston Square) তৈরি করেছে, যেটির কাজ 2020 সালের মার্চে সম্পন্ন হয়েছিল। দ্বিতীয় পর্যায়টি 2024 সালের শেষ নাগাদ সম্পন্ন হবে বলে অনুমান করা হচ্ছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের চিফ অপারেটিং অফিসার এবং এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "রনকোনকোমা হাব একটি প্রাণবন্ত ও সক্রিয় কমিউনিটি তৈরি করতে ধ্বংসপ্রায় একটি এলাকাকে পুনরুজ্জীবিত করার মাধ্যমে রূপান্তরমূলক অর্থনৈতিক সুযোগ সৃষ্টির জন্য ESD-এর অঙ্গীকারের সাথে যোগ হচ্ছে। এই প্রকল্প নতুন আবাসিক ও বাণিজ্যিক জায়গা তৈরি করবে, যা এই কমিউনিটির মধ্যে হাজার হাজার নির্মাণকাজ সংক্রান্ত ও স্থায়ী কর্মসংস্থান তৈরিতে সহায়তা করবে, এবং সেইসাথে অঞ্চলটির অর্থনৈতিক সমৃদ্ধি ত্বরান্বিত করবে।"

রনকোনকোমা হাব আনুমানিক 53 একর জায়গাজুড়ে বিস্তৃত থাকবে, যেখানে 1,450টি আবাসিক বহু-পরিবারভিত্তিক বাড়ি, 360,000 বর্গফুট অফিসের জায়গা, 195,000 বর্গফুট খুচরা দোকানের জায়গা, 60,000 বর্গফুট আতিথেয়তার জায়গা, এবং তিনটি নতুন পার্কিং ফ্যাসিলিটি অন্তর্ভুক্ত থাকবে। পুরো প্রকল্পটি নির্মাণকাজ সংক্রান্ত 10,000 কর্মসংস্থান এবং 2,500 স্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করবে। প্রকল্পটি 2018 সালের রনকোনকোমা LIRR স্টেশনের আধুনিকায়নের পরিপূরক, যেটি ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল সাইন ও LED ডিসপ্লে, চার্জিং পোর্ট সহ বেঞ্চ, এবং গ্রাহকদের জন্য বিনামূল্যে ওয়াই-ফাই সুবিধা সহ যাত্রীদের অভিজ্ঞতা উন্নয়নে সহায়তার জন্য 5.9 মিলিয়ন ডলার বরাদ্দ পেয়েছিল।

ট্রাইটেক প্রিন্সিপাল জিম কফলান বলেন, "রনকোনকোমা হাবের স্টেশন স্কয়ার একটি কমিউনিটি ভিত্তিক প্রচেষ্টা ছিল এবং সরকারের সর্বস্তরের সহযোগিতা ছাড়া সম্ভব হতো না। অবকাঠামো ও পার্কিংয়ের জন্য নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগ করার বিষয়টি ট্রাইটেককে নির্মাণকাজের প্রথম দুটি পর্যায়ে রনকোনকোমাতে 425 মিলিয়নেরও বেশি বিনিয়োগ করার সুযোগ করে দিয়েছে। আমরা স্টেশন স্কয়ার নির্মাণ করা এবং রনকোনকোমাকে লং আইল্যান্ড গর্ব করতে পারে এমন একটি সত্যিকারের ট্রানজিট-অভিমুখী মিশ্র-ব্যবহারের গন্তব্যস্থলে রূপান্তর করার প্রত্যাশা রাখি।"

সিনেটর অ্যালেক্সিস ওয়েইক বলেন, "আমি দ্বিতীয় পর্যায়ের প্রতীক্ষা করছি কারণ এটি রনকোনকোমাতে ব্যবসা ও আবাসন নিয়ে আসবে। এটির ট্রেন স্টেশনের কাছাকাছি অবস্থান আমাদের টাউনের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সমৃদ্ধিতে উৎসাহ যোগাবে বলে আশা করা যায়।"

অ্যাসেম্বলি সদস্য ডাগ স্মিথ বলেন, "এক দশকের বেশি সময় ধরে কমিউনিটি বৈঠকের পর, আমার ডিস্ট্রিক্টের কেন্দ্রস্থলে, লং আইল্যান্ডের ব্যস্ততর পরিবহন হাবকে ঘিরে রাখা একটি

পরিত্যক্ত ও ধ্বংসপ্রায় এলাকা এই চমৎকার আধুনিক উন্নয়ন প্রকল্প দিয়ে প্রতিস্থাপিত হচ্ছে দেখে আমি উৎসাহিত বোধ করছি। দ্বিতীয় পর্যায়ে প্রবেশ করার এই সময়ে, এই প্রকল্প ইতোমধ্যে আমাদের কমিউনিটিতে কর্মসংস্থান সৃষ্টি করেছে এবং সম্পত্তির মূল্য বৃদ্ধি করেছে এবং রনকোনকোমাতে কয়েকশ মিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ দেখতে পাওয়া অব্যাহত থাকবে। আমি লং আইল্যান্ডকে বসবাস, কর্মসংস্থান, পরিবার প্রতিপালন, ব্যবসা শুরু করা, ও অবসর গ্রহণ করার জন্য আরো বেশি সাশ্রয়ী ও উন্নত স্থান হিসেবে তৈরি করতে স্টেট ও স্থানীয় সরকারে আমার অংশীদারদের সাথে কাজ করা অব্যাহত রাখবো।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোনে বলেন, "এখানে সাফোক কাউন্টিতে তরুণ ব্যক্তিদের আকৃষ্ট করা ও ধরে রাখার জন্য এবং একটি অঞ্চল হিসেবে প্রতিযোগিতামূলক হয়ে উঠার জন্য রনকোনকোমা হাব এর মতো এধরনের ট্রানজিট-অভিমুখী উন্নয়নই আমাদের প্রয়োজন। এই প্রকল্প আমাদের অর্থনীতিকে একটি টেকসই উপায়ে সমৃদ্ধ করার জন্য আমাদের যে ধরনের অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পের প্রয়োজন সেগুলোর 21 শতকের মডেল হিসেবে ভূমিকা রাখার জন্য একটি পরিত্যক্ত এলাকাকে একটি প্রাণবন্ত, পথচারী বান্ধব হাবে রূপান্তর করার মধ্য দিয়ে পূর্ণ গতিতে সামনের দিকে এগিয়ে যাচ্ছে।"

ব্রুকহ্যাভেনের সুপারভাইজার এড রোমেইন বলেন, "ব্রুকহ্যাভেন টাউন লং আইল্যান্ড রেলপথ রনকোনকোমা ট্রেন স্টেশন, ম্যাকআর্থার বিমান বন্দর এবং লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ের কাছাকাছি অবস্থিত এই রনকোনকোমা হাবকে একটি রূপান্তরমূলক প্রকল্পে পরিণত করতে প্রকল্পটির মাস্টার ডেভেলপারের সাথে কাজ করেছে। এটি লোকজনের বসবাসের জন্য বিশেষ করে কর্মস্থলে যাওয়ার জন্য রেলপথ দিয়ে যাতায়াত করেন এমন ব্যক্তিদের জন্য একটি আদর্শ জায়গা। এছাড়াও এটি অন্যান্য কমিউনিটির অনুসরণ করার মতো পুনরুজ্জীবিতকরণের একটি চমৎকার উদাহরণ হিসেবে কাজ করে। সম্পন্ন হয়ে যাওয়ার পর, এটি এই এলাকায় ও এর আশেপাশের এলাকায় বসবাসকারী ও কর্মরত ব্যক্তিদের জীবনমান ব্যাপকভাবে উন্নত করবে এবং এই অঞ্চলের জন্য উল্লেখযোগ্য অর্থনৈতিক সমৃদ্ধি বয়ে আনবে।"

ইসলিপের সুপারভাইজার অ্যাঞ্জি কার্পেন্টার বলেন, "রনকোনকোমা হাবের দ্বিতীয় পর্যায়টি হলো এই যথাযথভাবে ব্যবহৃত না হওয়া এলাকাটিকে একটি প্রাণবন্ত, হাঁটার যোগ্য ও পরিবেশ সচেতনভাবে বসবাস, কর্মসংস্থান ও কেনাকাটার গন্তব্যে রূপান্তরের ক্ষেত্রে সামনে এগিয়ে যাওয়ার আরো একটি পদক্ষেপ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন